

## আমি কিভাবে আরো শিখতে পারি?

- আপনার যদি কোন প্রশ্ন থাকে তাহলে আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীর সাথে কথা বলুন।
- আপনার স্থানীয় বা স্টেটের স্বাস্থ্য বিভাগে কল করুন।
- নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ (New York State Department of Health, NYSDOH) -এর ওয়েবসাইট [coronavirus.health.ny.gov/pregnancy-covid-19](https://coronavirus.health.ny.gov/pregnancy-covid-19) ভিজিট করুন
- সেন্টারস ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention, CDC) -এর ওয়েবসাইট [cdc.gov/coronavirus/2019-ncov/vaccines/recommendations/pregnancy.html](https://cdc.gov/coronavirus/2019-ncov/vaccines/recommendations/pregnancy.html) ভিজিট করুন
- MotherToBaby বেবি ওয়েবসাইট [mothertobaby.org/pregnancy-breastfeeding-exposures/covid-19/](https://mothertobaby.org/pregnancy-breastfeeding-exposures/covid-19/) ভিজিট করুন



নিজেকে , নিজের পরিবারকে,  
এবং নিজের সন্তানকে রক্ষা করুন:

# COVID-19 ভ্যাকসিন নিন!



[coronavirus.health.ny.gov/  
pregnancy-covid-19](https://coronavirus.health.ny.gov/pregnancy-covid-19)



নিজেকে, নিজের  
পরিবারকে, এবং নিজের  
সন্তানকে রক্ষা করুন:

# COVID-19 ভ্যাকসিন নিন!



## কার টিকা নেওয়া উচিত?

গবেষণায় দেখা গেছে যে গর্ভাবস্থার আগে, গর্ভাবস্থার সময় এবং গর্ভাবস্থার পরে COVID-19 ভ্যাকসিন নেওয়া নিরাপদ। আপনি যদি গর্ভবতী হওয়ার কথা ভাবছেন, আপনি গর্ভবতী হওয়ার চেষ্টা করছেন, আপনি গর্ভবতী বা আপনি স্তন্যপান করছেন, তাহলে এখনই ভ্যাকসিন নিন! নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ (New York State Department of Health), সেন্টারস ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention), আমেরিকান কলেজ অফ অবস্টেট্রিশিয়ান এবং গাইনোকোলজিস্ট (American College of Obstetricians and Gynecologists) এবং সোসাইটি ফর ম্যাটারনাল-ফিটাল মেডিসিন (Society for Maternal-Fetal Medicine) এটির সুপারিশ করে।



## আমি কেন টিকা নেব?

- আপনি যদি গর্ভবতী হন, তবে গর্ভবতী নন এমন মহিলাদের তুলনায় আপনার গুরুতর অসুস্থতা, গর্ভাবস্থার জটিলতা, এবং COVID-19 থেকে মৃত্যু হবার ঝুঁকি বেশি।
- COVID-19 ভ্যাকসিনগুলি গর্ভবতী মহিলাদের বা তাদের বাচ্চাদের মধ্যে সংক্রমণ ঘটায় না।
- গর্ভবতী মহিলারা যাঁরা COVID-19 ভ্যাকসিন নেন তাঁদের গর্ভাবস্থার ক্ষতি (গর্ভপাত) বা গর্ভাবস্থার সাথে জড়িত অন্যান্য সমস্যার ক্ষেত্রে বেশি ঝুঁকি থাকে না।
- COVID-19 ভ্যাকসিনগুলি গর্ভবতী হওয়ার ক্ষেত্রে, এমনকি সন্তান উৎপাদনের ক্ষেত্রে উর্বরতার প্রয়োজনে চিকিৎসামুখী ব্যক্তিদের ক্ষেত্রেও কোনও প্রভাব ফেলে না।
- গবেষণাগুলি COVID-19 ভ্যাকসিনকে গর্ভাবস্থা, মাসিক, ইরেক্টাইল কর্মক্ষমতা, শুক্রাণুর গুণমান বা বন্ধ্যাস্ব সম্পর্কিত সমস্যাগুলির সাথে যুক্ত করেনি।

## আমার আর কী জানা উচিত?

- COVID-19 ভ্যাকসিন নেওয়ার আগে আপনি গর্ভবতী কিনা তা পরীক্ষা করার প্রয়োজন নেই।
- আপনার ভ্যাকসিন নেওয়া থাকলে আপনি স্তন্যপান করতে পারেন। ভ্যাকসিন আপনার শিশুর ক্ষতি করবে না। আপনি যদি ভ্যাকসিন নেন তবে আপনি আপনার শিশুর COVID-19 দ্বারা সংক্রমিত হওয়ার সম্ভাবনাকে হ্রাস করতে পারেন। আপনি আপনার গর্ভের মাধ্যমে এবং বুকের দুধের মাধ্যমে আপনার শিশুকে সুরক্ষামূলক অ্যান্টিবডিগুলি প্রদান করেন।
- গর্ভবতী মহিলারা যে কোনও জায়গা থেকে COVID-19 ভ্যাকসিন নিতে পারেন।

